

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১১০

১১/ বিবাহ (ﷺ کتاب النکاح عن رسول الله) পরিচ্ছেদঃ যদি দুই ওলী (অভিভাবক) বিবাহ দেয়।

باب مَا جَاءَ فِي الْوَلِيَّيْنِ يُزَوِّجَانِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا غُنْدَرُ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَبٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " أَيُّمَا امْرَأَةٍ زَوَّجَهَا وَلِيَّانِ فَهِيَ لِلأَوَّلِ مِنْهُمَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا فَهِيَ لِلأَوَّلِ مِنْهُمَا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ لاَ نَعْلَمُ بَيْنَهُمْ فِي ذَلِكَ اخْتِلاَفًا إِذَا زَوَّجَ أَحْدُ الْوَلِيَّيْنِ قَبْلَ الآخَرِ فَنِكَاحُ الأَوَّلِ جَائِزٌ وَنِكَاحُ الآخَرِ مَفْسُوخٌ وَإِذَا زَوَّجَا جَمِيعًا فَنِكَاحُهُمَا جَمِيعًا مَفْسُوخٌ . وَهُوَ قَوْلُ الثَّوْرِيِّ وَأَحْمَدُ وَإِسْحَاقَ .

বাংলা

১১১০. কুতায়বা (রহঃ) সামুরা ইবনু জুন্দুব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোন মহিলাকে যদি (সমপর্যায়ের) দুই ওলী বিবাহ দেয় তবে তাদের প্রথম জনের বিবাহ কার্যকর হবে। আর কেউ যদি দুইজনের কাছে কোন জিনিস বিক্রি করে তবে তা এদের মধ্যে প্রথম জনে পাবে। - ইরওয়া ১৮৫৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১১১০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান। এ হাদীস অনুসারে আলিমগণের আমল রয়েছে। এই বিষয়ে তাদের মধ্যে কোন মতবিরোধ আছে বলে আমাদের জানা নেই। যদি সমপর্যায়ের দুই ওলী এক জনের আগে আগে আরেকজন কোন মহিলাকে বিয়ে দিয়ে দেয় তবে প্রথমটই কার্যকর হবে। দ্বিতীয় জনেরটি বাতিল গন্য হবে। আর যদি উভয়েই একই সঙ্গে বিয়ে দেয় তবে উভয়টই বাতিল বলে গণ্য হবে। এ হলো ইমাম ছাওরী, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

Samurah bin Jundab narrated that:

The Messenger of Allah said: "Whichever woman is given in marriage by two



Wali, then her case is in accordance with the first of them, and whoever sells something to two men, then it is for the first of them."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন